

নদীয়া জিলা পরিষদ

কৃষ্ণনগর, নদীয়া ।

নীলাম বিক্রয় নোটিশ (ক্যান্টিন বিষয়ক)

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, নদীয়া জেলা পরিষদের অধীনস্থ কৃষ্ণনগরস্থিত ডাক বাংলোয় প্রাতরাশ আহারাди ও জলপানের জন্য একটি ক্যান্টিনের নীলাম বিক্রয় কৃষ্ণনগর নদীয়া জিলা পরিষদ অফিসে নিম্নের নির্ধারিত অনুযায়ী অনুষ্ঠিত হইবে। যাহারা নীলাম বিক্রয়ে অংশগ্রহণ করিতে ইচ্ছুক তাহারা ঐ দিন ঐ সময়ে উক্ত স্থানে উপস্থিত থাকিতে পারিবেন। ঐ নীলাম বিক্রয়ে প্রত্যেক অংশগ্রহণকারীকে ডাকের পূর্বে জামানত হিসাবে নিম্নে উল্লিখিত নগদ টাকা জমা দিতে হইবে যাহা নীলামের পর ফেরৎ যোগ্য। যিনি সর্ব-উচ্চ ডাক দেবেন ডাকের পর ডাকের সম্পূর্ণ মেয়াদের পুরো টাকা তৎক্ষণাৎ জমা দিতে হইবে অন্যথায় তাহার জামানতের পুরো টাকা বায়জাপুতরা হইবে। নীলামে অংশগ্রহণকারী কখনই জিলা পরিষদ কর্তৃক সংরক্ষণ মূল্যের কম ডাক দিতে পারবেন না। প্রত্যেক অংশগ্রহণকারীর বয়স কমপক্ষে ১৮ বৎসর হইতে হইবে। প্রয়োজন হইলে নদীয়া জেলা পরিষদ কর্তৃপক্ষ ডাকে আংশ গ্রহণকারীর ভারতীয় নাগরিকত্বের প্রমাণ / ভোট দানের পরিচয়পত্র / শংসা-পত্র / প্যান কার্ড, ইত্যাদি দেখিতে চাইলে আংশ গ্রহণকারীর তাহা দেখাইতে বাধ্য থাকিবেন।

এই ডাকের সময় প্রত্যেক আংশগ্রহণকারী নদীয়া জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত আচরণ-বিধি মানিয়া চলিবেন। সর্বোচ্চ নীলাম ডাক কোন প্রকার কারণ না দর্শাইয়া গ্রহণ অথবা বাতিল করিবার ক্ষমতা নদীয়া জেলা পরিষদ কর্তৃপক্ষের এক্তিয়ার ভুক্ত থাকিবে।

প্রকাশ থাকে যে (১) ক্যান্টিনের জন্য পরিকাঠামো বাবদ বা অন্য কোন আর্থিক দায়বদ্ধতা নদীয়া জেলা পরিষদ কর্তৃপক্ষ বহন করবে না এবং যে সংস্থা বরাত পাইবে তাহারা জেলা পরিষদের স্থিরীকৃত দামে ব্যবহারকারীদের ন্যায্যমূল্যে খাদ্য সরবরাহ করিবেন, (২) খাদ্য পরিবেশনে বা ক্যাটারিং ব্যবসায় পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে, (৩) দৈনিক খাদ্য সরবরাহের জন্য যথেষ্ট পরিকাঠামো ও জনবল থাকা বাঞ্ছনীয় এবং কোন প্রকার উষ্ণ পানীয় সরবরাহ করা যাইবে না।

নীলাম বিক্রয় এর জন্য নোটিশের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য জ্ঞাত করা হইতেছে।

ক্রমিক নং	স্থানের নাম	পঞ্চায়েত সমিতির নাম / পৌরসভা	সংরক্ষিত মূল্য	জামানতের নগদ মূল্য	নীলাম ডাকের তারিখ ও সময়
১	নদীয়া জিলা পরিষদের অধীনস্থ ডাক বাংলোই ক্যান্টিনের জন্য বাৎসরিক নীলাম বিক্রয়।	কৃষ্ণনগর পৌরসভা	১০,০০০/-	১০০০/-	ইং ২৮-০২-২০১৪ বাংলা ১৫ই ফাল্গুন ১৪২০-শুক্র বার প্রারম্ভিক সময় বেলা -১২-০০টা


পত্রাংক : ৩৮৭ / ন.জি.প.

তারিখ : ২২/২/১৪

অনুগ্রহপূর্বক প্রতিলিপি জ্ঞাতার্থ ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হল।

- ১) সভাপতি, নদীয়া জিলা পরিষদ।
- ২) নির্বাহী আধিকারিক, নদীয়া জিলা পরিষদ ও জেলা শাসক নদীয়া।
- ৩) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, নদীয়া জিলা পরিষদ।
- ৪) সচিব, নদীয়া জিলা পরিষদ।
- ৫) কর্মাধক্ষ, পূর্ত কায্য ও পরিবহন স্থায়ী সমিতি, নদীয়া জিলা পরিষদ।
- ৬) অধ্যক্ষ, নদীয়া জিলা পরিষদ।
- ৭) মহাকুমা শাসক, কৃষ্ণনগর মহাকুমা।
- ৮) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, নদীয়া।
- ৯) জেলা তথ্য আধিকারিক, নদীয়া।
- ১০) সভাপতি/আধিকারিক পঞ্চায়েত সমিতি।
- ১১) প্রধান গ্রাম পঞ্চায়েত।
- ১২) নোটিশ বোর্ড।

১৬) N.S.P. website.


সচিব
নদীয়া জিলা পরিষদ।

২২/২/১৪